 ISSN-2454-4884

# নিম্নবর্গীয় চেতনার আলোকে আধুনিক বাংলা সাহিত্য

ড. মণিকুন্তলা বসু

সারসংক্ষেপ (Abstract)

আলোচ্য প্রবন্ধে দেখানো হবে নানান রাজনৈতিক উত্থান পতনের মধ্যেও হাজার হাজার বছরের প্রাচীন বর্ণাশ্রমিক সমাজের বোঝা থেকে আমরা কেন মুক্ত হতে পারিনি। কোথাও স্থূলভাবে, কোথাও অতি সূক্ষ্ম আকারে সামন্তবাদ, উপনিবেশবাদ ও মনুবাদের মিশ্রণ সমাজের গভীর মনোজগতে চলমান থেকে যাচ্ছে। কিন্তু কেন? দীর্ঘদিন ধরে সমাজে যে অগণতান্ত্রিক সমাজ ব্যবস্থা চলে আসছিল তা থেকে মানুষের মুক্তির পথ ইতিহাসের প্রচ্ছন্ন উদ্দেশ্য বলে ভাবা হলে ইতিহাস চেতনার সঙ্গে গণতান্ত্রিক চেতনা গভীরভাবে সম্পর্কযুক্ত, একথাও বিশ্বাস করতে হবে। কিন্তু এতদিন ধরে আমরা সে চিন্তার পথে অগ্রসর হইনি। শুধু সাম্রাজ্যবাদের বিরোধিতা করে এত দিন আমরা যে ইতিহাস রচনা করেছি তা এলিটিস্টদের ইতিহাসে পরিণত হয়েছে। সেই ইতিহাসে সমাজের নারী, কৃষক-মজুর বা সমাজের নিপীড়িত মানুষদের কথা উঠে আসেনি।

মূল শব্দ – নিম্নবর্গ , সামন্তবাদ , সমাজ , ইতিহাস , উপন্যাস

## মূল প্রবন্ধ -

নিত্যপ্রসারণশীল মানুষের মন ও চেতনার জগতে একটা বিশেষ দেশ ও কালের গণ্ডী ছাড়িয়ে অতীত সময়ের স্রোতের মধ্যে সমাজকে বুঝতে চাওয়ার অনুসন্ধিৎসা মানুষের সহজাত প্রবৃত্তি। স্বাভাবিকভাবে সমাজকে বুঝতে হলে আমাদের অতীতচারী হতে হবে, অতি প্রাচীন কাল থেকে চলে আসা সামাজিক সমস্যাগুলিকে উপলব্ধি করে সমাজের প্রকৃত সমস্যা কোথায় তা বুঝে নিতে হবে এবং ইতিহাসের আশ্রয় নিয়েই তার সমাধান করতে হবে। মনে রাখতে হবে দীর্ঘদিন ধরে সমাজে যে অগণতান্ত্রিক সমাজ ব্যবস্থা চলে আসছিল তা থেকে মানুষের মুক্তির পথ ইতিহাসের প্রচ্ছন্ন উদ্দেশ্য বলে ভাবা হলে ইতিহাস চেতনার সঙ্গে গণতান্ত্রিক চেতনা গভীরভাবে সম্পর্কযুক্ত, একথাও বিশ্বাস করতে হবে। কিন্তু এতদিন ধরে আমরা সে চিন্তার পথে অগ্রসর হইনি। শুধু সাম্রাজ্যবাদের বিরোধিতা করে এত দিন আমরা যে ইতিহাস রচনা করেছি তা এলিটিস্টদের ইতিহাসে পরিণত হয়েছে। সেই ইতিহাসে সমাজের নারী, কৃষক-মজুর বা সমাজের নিপীড়িত মানুষদের কথা উঠে আসেনি। নিম্নবর্গের ইতিহাসচর্চার সাম্প্রতিক ধারায় ইতিহাস রচনা সমাজের নিম্নবর্গীয় সকল সম্প্রদায়ের ইতিহাসকে আলোচনায় তুলে এনে সাবলটার্ন স্টাডিজের একদল গবেষক আধুনিক ইতিহাসচর্চায় এক নতুন দিগন্তের উন্মেষ ঘটিয়েছেন এবং ইতিহাসচর্চাকে একটি গতিশীল বিজ্ঞানে পরিণত করেছেন। গতিশীল সমাজ, সংস্কৃতি, রাজনীতি, অর্থনীতি ইত্যাদি বিষয়ের উপর আলোকপাত করে ইতিহাসকে একটি ধারাবাহিক আন্দোলনে পরিণত করেছেন। এই আলোচনার উৎস হিসেবে যেমন সমাজ ও সভ্যতার উৎপত্তি, গঠন, প্রক্রিয়া, বিকাশ, স্বরূপ, বিস্তৃতি, জটিলতা প্রভৃতি বিষয়সমূহকে নানা ভাবে বিশ্লেষণের পরিধিতে আনতে হয়েছে তেমনি আমাদের সংস্কৃতি, রাজনীতি, শিল্প-সাহিত্য ইত্যাদি বিষয়সমূহকেও নিম্নবর্গীয় ইতিহাসচর্চার উপাদানে পরিণত করা হয়েছে।

ফলে সত্য অনুসন্ধানের জন্য ইতিহাসচর্চা যে শিল্প-সাহিত্যের মধ্য থেকে তার উপাদান সংগ্রহ করবে এটাই স্বাভাবিক। ইতিহাস সমাজবদ্ধ মানুষের জীবন বিশ্লেষণ করে। আর সমাজবদ্ধ মানুষকে জানতে যুগে যুগে লেখক-শিল্পীরা তাঁদের অন্তর্দৃষ্টি দিয়ে যে সাহিত্য ও শিল্প সৃষ্টি করে গেছেন তা বুঝতেও সাহায্য করে। রবীন্দ্রনাথ ঠাকুরের ভাষায়, "আমাদের অন্তঃকরণে যত কিছু বৃত্তি আছে সে কেবল

সূচীপত্র-

সম্পাদকীয়—i

ট্র্যাডিশন বা ঐতিহ্য : একটি অলোচনা

ড.পার্থসারথি মুখোপাধ্যায় #1

নিম্নবর্গীয় চেতনার আলোকে আধুনিক বাংলা সাহিত্য

ড. মণিকুন্তলা বসু #4

দেশভাগের বিষক্রিয়া : নারায়ণ গঙ্গোপাধ্যায়ের ছোটগল্প

ড. তুফান রায় #11

মালাধর বসুর 'শ্রীকৃষ্ণবিজয়': প্রসঙ্গ রাজনীতি ও যৌনতা

ইউনুস মিঞা # 20

বিভূতিভূষণ মুখোপাধ্যায়ের নির্বাচিত গল্প : বাৎসল্য রসের আধারে অকৃতদার মেজকাকা

হৃদয় রঞ্জন সরকার #24

কবিতা সিংহের ছোটোগল্প (নির্বাচিত) : মধ্যবিত্ত জীবন

সঙ্গীতা মণ্ডল #32

সমাজ সংস্কারের মহৌষধ গীতা ও চাণক্য শ্লোক

মানস মণ্ডল #39

শৈলীস্বাতন্ত্র্য সন্ধান ও আলিঙ্গনাবদ্ধ উপমালোকে : কবি জীবনানন্দ

বনি দে #45

ফারসি লিপিশৈলীর উদ্ভব ও বিবর্তন: সংক্ষিপ্ত পর্যালোচনা

তানজিনা বিনতে নূর[১] জাকারিয়া[২] #51

বীরভূমের জনজাতি ও তাদের সংস্কৃতি

নিতাই প্রসাদ ঘোষ # 59

মধ্যযুগের আলোয় মঙ্গলকাব্যের সমাজ ভাবনা

শিউলী শীট # 64

আধুনিকতা ও বিশ্বায়নের নিরিখে সুফি-সাধক দাতা মেহবুব শাহ ওয়ালির প্রাসঙ্গিকতা

নাজিয়া ফিরোজ #68

ছোটদের লেখায় অনন্য এক কোণঠাসা সিরাজ

আতেকা খাতুন # 71

সংশপ্তক , SAMSAPTAK
Peer-Reviewed & Refereed Journal
২০২২ ,ডিসেম্বর
2022 ,December
Vol.8, Issue-1

অষ্টম বর্ষ ।। প্রথম সংখ্যা
ISSN-2454-4884

পত্রিকা অধিকর্তা ( Magazine Director )
প্রফেসর উৎপল মণ্ডল (উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়)
সম্পাদক ( Editor )
উত্তম দাস , সহকারী অধ্যাপক , বাংলা বিভাগ
বীরভূম মহাবিদ্যালয় , সিউরি
Name of the Editorial Advisory Board
ড. প্রকাশ মাইতি (বানারস হিন্দু বিশ্ববিদ্যালয়)
ড. রীতা মোদক (বিশ্বভারতী)
ড. সুখেন বিশ্বাস (কল্যাণী বিশ্ববিদ্যালয়)
ড.সাবলু বর্মণ (কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয় )
ড. পার্থসারথি মুখোপাধ্যায় (বীরভূম মহাবিদ্যালয়)
Peer Review Committee
তাপস সোরেন ( বীরভূম মহাবিদ্যালয়)
ড. রাজেন্দ্র প্রসাদ মুখার্জী ( বীরভূম মহাবিদ্যালয়)
গৌতম দাস (বাঁকুড়া বিশ্ববিদ্যালয় )

=====


পরবর্তী সংখ্যার বিষয় –
'তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়' ( বিশেষ সংখ্যা )

অভ্রতে কালপুরুষ ফন্টে লিখে সফট কপি samsaptakuk12@gmail.com এ
পাঠান ১৫ এপ্রিল ২০২৩ এর মধ্যে ।

SAMSAPTAK
A Bengali Peer-Reviewed & Refereed Journal

# সংশপ্তক

ISSN: 2454-4884
অষ্টম বর্ষ ।। প্রথম সংখ্যা
ডিসেম্বর - ২০২২



দাস